**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সালিভ্যান কাউন্টির টর্নেডোর পর স্থানীয় সরকারসমূহকে সাহায্য করার জন্য স্টেট যে সংস্থান নিয়োগ করেছে সে ব্যাপারে সর্বশেষ তথ্য নিউ ইয়র্কবাসীকে জানালেন

***বীমা সম্পর্কিত প্রশ্নের জন্য নিউ ইয়র্কবাসীকে DFS এর দুর্যোগ হটলাইনে (800) 339-1759 নম্বরে ফোন করার জন্য উৎসাহিত করা হয়েছে***

***ক্ষতির ব্যাপারে জানানোর জন্য কৃষি ও বাজার বিভাগ ক্ষতিগ্রস্ত খামারগুলিকে মার্কিন কৃষি বিভাগের খামার সেবা এজেন্সির সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে রসকো এবং ক্যালিকুন সেন্টারে একটি টর্নেডো আঘাত হানার পর সম্প্রদায়সমূহের পুনরুদ্ধারে সাহায্য করার জন্য সালিভ্যান কাউন্টিতে অতিরিক্ত স্টেটের এজেন্সি সম্পদ প্রদানের নির্দেশনা দিয়েছেন। বিংহ্যামটনের জাতীয় আবহাওয়া পরিষেবা অফিস ( National Weather Service) নির্ণয় করে যে টর্নেডোটি এনহ্যান্সড ফুজিটা স্কেলে ( Enhanced Fujita Scale, EF) একটি EF2 যার সর্বোচ্চ বাতাসের বেগ হলো ঘণ্টায় 115 মাইল। টর্নেডোটি সর্বোচ্চ 300 গজ প্রস্থ নিয়ে 10 মাইল অতিক্রম করে।

"নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং এই প্রাকৃতিক দুর্যোগ দ্বারা ক্ষতিগ্রস্ত সালিভ্যান কাউন্টির ব্যক্তিদের সকল প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য আমি আমার প্রশাসনকে নির্দেশ দিয়েছি," **গভর্নর হোকল বলেন।** "টর্নেডোটি আঘাত হানার পর থেকেই আমার দল দল স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রেখেছে এবং ঝড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্য করার জন্য প্রস্তুত আছে। এই সম্প্রদায়কে পুনর্গঠন ও পুনরুদ্ধারে সাহায্য করার জন্য আমরা আমাদের কাছে থাকা সকল সংস্থানকে সচল করা অব্যাহত রাখবো।"

**নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগের (New York State Department of Financial Services , DFS) সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন,** "ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক ও ব্যবসাসমূহকে সালিভ্যান কাউন্টির টর্নেডো সম্পর্কিত বীমা প্রশ্ন ও দাবির ব্যাপারে সাহায্য করার জন্য DFS উপলভ্য আছে। এই সম্প্রদায়গুলিকে পুনর্গঠন ও পুনরুদ্ধারে সাহায্য করার জন্য স্টেট এজেন্সির সহকর্মী ও স্থানীয় অংশীদারদের অংশীদারিত্বে আমরা জরুরি সাড়াদান প্রচেষ্টায় সহায়তা করা অব্যাহত রাখবো।"

**কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "দুর্যোগ আঘাত হানলে একটি স্টেট হিসেবে একত্রিত হয়ে ক্ষতিগ্রস্তদের সাহায্য করা সর্বাধিক গুরুত্বপূর্ণ। অনেক বছর আগে স্কোহারিতে আমার নিজের সম্প্রদায় মারাত্মক বন্যা কবলিত হয়েছিলো, সেজন্য আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি একটি মারাত্মক আবহাওয়া ঘটনার পর এগিয়ে এসে একে অন্যকে সমর্থন করা কতটা গুরুত্বপূর্ণ। সালিভ্যান কাউন্টির বাসিন্দাদেরকে এবং এর কৃষি সম্প্রদায়কে পুনরায় নিজের পায়ে দাঁড়াতে, পুনর্গঠন করতে, এবং পুনরুদ্ধার পেতে তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে সাহায্য করার জন্য বিভাগে আমরা সকলে প্রতিশ্রুতিবদ্ধ।"

**স্টেটের সিনেটর পিটার ওবেরেকার বলেন,** "সালিভ্যান কাউন্টির স্থানীয় কর্মকর্তাদের সাথে কথা বলা অব্যাহত রেখে আমি এটি স্পষ্ট বুঝেছি যে সাম্প্রতিক টর্নেডো দ্বারা ক্ষতিগ্রস্তদের সাহায্য করার জন্য অতিরিক্ত সমর্থন প্রয়োজন।আর্থিক পরিষেবা বিভাগের অভিজ্ঞরা দুর্দান্ত সংস্থান এবং সহায়তার এই সুযোগের সদ্ব্যবহার করার জন্য আমি বাড়ির ও ব্যবসার মালিকদেরকে উৎসাহিত করছি।আমাদের সম্প্রদায়সমূহকে পুনর্গঠন করার কাজের প্রক্রিয়ায় এটি কেবল একটি ধাপ, কিন্তু এটি অতি গুরুত্বপূর্ণ একটি সূচনা এবং DFS এর জরুরি সাড়াদানের প্রতি আমি সত্যিই কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য আইলিন গান্থার বলেন,** "শনিবার একটি দুর্যোগ সংঘটিত হয়েছে এবং যদিও কোনও প্রাণহানি না হওয়ায় আমরা নিজেদের সৌভাগ্যবান মনে করছি, তারপরেও আমাদের অনেক বন্ধু ও পরিবারের উল্লেখযোগ্য পরিমাণ সহায়তা প্রয়োজন হবে। এই কঠিন সময়ে আমাদের সম্প্রদায় সাহসের সাথে একযোগে হয়েছে এবং ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে সরাসরি আসার জন্য আমি আর্থিক পরিষেবা বিভাগকে বিশেষভাবে ধন্যবাদ জানাতে চাই। স্টেটের দ্রুত সাড়াদান নিয়ে আমি গর্বিত এবং আমাদের খামার, ব্যবসা ও পরিবারগুলিকে প্রদত্ত সকল সাহায্যের জন্য আমি কৃতজ্ঞ। এই ঝড় থেকে পুনরুদ্ধার পেতে সময় লাগবে, এবং আমি সকলকে আশ্বস্ত করতে চাই যে সকলে পুনরায় নিজের পায়ে দাঁড়ানোর আগ পর্যন্ত আমি সাহায্য করতে প্রস্তুত আছি।"

## <u>এজেন্সির দুর্যোগ মোকাবেলা কার্যক্রম</u>

### <u>আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services)</u>

সালিভ্যান কাউন্টির টর্নেডো দ্বারা ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের বীমার ব্যাপারে সাহায্য প্রদান করতে আর্থিক পরিষেবা বিভাগের কর্মীদের ক্ষতিগ্রস্ত এলাকায় নিয়োগ দেওয়া হবে। বাড়ি ও সম্পত্তিতে ব্যাপক ক্ষয়ক্ষতির কারণে, বাসিন্দা ও ব্যবসার মালিকদের প্রয়োজনমতো বীমার দাবি দায়ের করতে সাহায্য করার জন্য আর্থিক পরিষেবা বিভাগের কর্মীরা সংস্থান কেন্দ্রসমূহে কর্মী নিয়োগ করবে।

### বৃহস্পতিবার, 27 এপ্রিল, রকল্যান্ড টাউন

- Roscoe Community Center, 1968 Old Route 17 Roscoe NY 12776
- দুপুর 12টা - সন্ধ্যা 6টা

**শুক্রবার, 28 এপ্রিল, ক্যালিকুন টাউন**

- Callicoon Town Hall, 19 Legion St, Jeffersonville, NY 12748
- সকাল 9টা - বিকাল 4টা

সংস্থান কেন্দ্রগুলিতে যেতে পারবে না এমন বাসিন্দারা প্রতিদিন সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত আর্থিক পরিষেবা বিভাগের দুর্যোগ হটলাইনে 800-339-1759 নম্বরে ফোন করে এবং dfs.ny.gov এ বিভাগের ওয়েবসাইটে গিয়ে ক্ষয়ের পলিসি আওতার ব্যাপারে বীমা তথ্যসহ আর্থিক পরিষেবার প্রশ্নের ব্যাপারে সহায়তা পেতে পারবে।

**কৃষি ও বাজার বিভাগ**
ক্ষতিগ্রস্ত খামারগুলি যাতে ক্ষতিপূরণ পেতে পারে তা নিশ্চিত করতে কৃষি ও বাজার বিভাগ মার্কিন কৃষি বিভাগের (U.S. Department of Agriculture) খামার সেবা এজেন্সির (Farm Service Agency, FSA) ফেডারেল কর্মকর্তাদের সাথে করছে।

ক্ষতি হয়েছে এমন যেকোনও খামার ক্ষতির ব্যাপারে জানানোর জন্য (607) 865-4005 নম্বরে ফোন করে FSA সেবা কেন্দ্রের (FSA Service Center) সাথে যোগাযোগ করতে পারবে। দুর্যোগের ঘটনার পরে এবং পুনরুদ্ধার প্রচেষ্টার সময় কৃষি সম্প্রদায়কে যাতে বিবেচনা করা হয় তা নিশ্চিত করার একটি প্রয়াসে এই ক্ষতি জমাদান জরিপ ব্যবস্থাটি উৎপাদনকারী বা কৃষি সম্প্রদায়ের সদস্যদেরকে তাদের অবস্থানে যেই ক্ষতি হয়েছে তা রেকর্ড করতে দেয়। জরুরি ঘোষণার সহায়তার জন্য স্থানীয়, স্টেট ও ফেডারেল অংশীদারগণের অনুরোধ অনুযায়ী ক্ষতির নজরদারি ও যাচাইয়ের জন্য জরিপটি সাহায্য করে।

অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন